দুরাভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

### কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -

তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৭০
তাং - ২৭।১১।২০২৫

সময়ঃ বেলা ৩.০০ টা
স্থানঃ পৌরসভা সভাকক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৬৯নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৫) নামজারিকরনের অনুমোদন।

(৬) বিবিধ।

**উপস্থিতিঃ**

* পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
* উপপৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

* মহঃ নজরুল ইসলাম
* মাসতুরা সাহানি
* মহঃ জুম্মান আলী
* শ্রীমতী অনিতা মুখার্জী
* শ্রী গোপাল চন্দ্র ঘোষ
* শ্রীমতী কনিকা দেবনাথ
* শ্রী পঙ্কজ কান্তি চন্দ
* শ্রী সুভাষ ব্যানার্জী
* শ্রীমতী সুমিতা ঘোষ
* শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক
* শ্রীমতী অন্তরা মজুমদার
* শ্রীমতী মমতা রায়
* শ্রী সুশান্ত রায়
* শ্রীমতী পিঙ্কি ঘোষ
* শ্রীমতী রাধারানী দত্ত
* শ্রী সুব্রত দাস
* শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
* শ্রী অলোক সাহা
* শ্রীমতী বৈশালী ব্যানার্জী
* শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
* শ্রী সঞ্জয় মন্ডল
* শ্রী অরুপ কুমার ঘোষ
* শ্রীমতী সুতপা ব্যানার্জী

মধ্যমগ্রাম পৌরসভা উত্তর ২৪ পরগনা মধ্যমগ্রাম

অন্যান্য উপস্থিতিঃ শ্রী রাজেন্দ্র নাথ মাহাত- নির্বাহী আধিকারিক
শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন সন্ধ্যাবেলা পৌরসভার সামনের রাস্তায় যানজটের কারনে হলে ঢোকার গেটে গাড়ী নিয়ে ঢুকতে প্রতিনিয়ত সমস্যা হচ্ছে । গেটের ভিতরে করিডোরের দুইধারে বাইক থাকে। ফলে সমস্যা হয়। হলে বড় কোন শিল্পীর অনুষ্ঠান থাকলে তাঁরা ব্যাক্তিগত গাড়ী নিয়ে আসেন। Parking এর কোন জায়গা থাকে না। গেটের সামনে দোকান বসে। যেখানে ফাঁকা থাকলে ৩ -৪ টি গাড়ী থাকতে পারে। কিছুদিন আগে CIC PWD উদ্যোগ নিয়ে একটা দোকান স্থায়ীভাবে সরিয়ে দিয়েছেন। অনুষ্ঠানে ব্যবহৃত সরঞ্জাম যে গাড়ীতে আসে এবং বড় কোন শিল্পী আসলে তাঁর গাড়ী গুলো রাখার ব্যবস্হা থাকা দরকার। এটা আমার শুধুমাত্র প্রস্তাব নয় বিষয়টি কার্য্যকরী যাতে হয় যেজন্য উত্থাপন করলাম।

মাননীয় CIC সদস্য বলেন যে দোকানটি স্থায়ীভাবে ছিল সেটি সরানো হয়েছে। বাকীগুলো সন্ধ্যাবেলা বসে ৩ - ৪ ঘন্টার জন্য। আবার চলে যায়।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন সোদপুর রোডে ফুটপাথ হওয়ায় গাড়ী রাখার কোন জায়গা নেই। অনুষ্ঠানে ব্যবহৃত দ্রব্যাদি যে গাড়ীতে আসে তা পিছন দিকে থাকে। তবে বড় শিল্পীদের ব্যাক্তিগত গাড়ী রাখার জন্য হলের পাশের Building এর Basement এ আমাদের parking এর জায়গা আছে সেখানে রাখতে পারবেন। আগে থেকে জানাতে হবে এবং fees জমা দিতে হবে। করিডোরে গাড়ী রাখার জায়গা নেই । করিডোরে যাতে গাড়ী না রাখা হয় সেজন্য ব্যবস্হা নেওয়া হবে।

শ্রী অরুপ কুমার ঘোষ বলেন একটি চিঠি আপনাকে দিয়েছিলাম। চিঠিটি পাঠ করে বলেন residential Certificate Book এ ঠিকানা লেখার সময় Permanent / Present / Tenant এবং যাকে Certificate দেওয়া হবে তার Aadhaar অথবা EPIC No. লেখার জায়গা রাখা উচিত।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন গতকাল আপনার চিঠি পেয়েছি। আমাদের Certificate দেওয়ার যে Book আছে তা B.M. Act অনুযায়ী করা হয়েছে। নির্বাহী আধিকারিককে চিঠিটি দিয়েছি। B.M. Act অনুযায়ী করা যায় কিনা তা দেখতে বলেছি।

শ্রীমতী রাধারানী দত্ত বলেন হরিদাসী স্কুলের কাছে যে Pump টি আছে তা খারাপ হওয়ায় এলাকাতে জলের সমস্যা আছে। পাত্রপাড়ার জলের লাইনের সাথে যুক্ত অথবা উক্ত pump টি দ্রুত সারাই করার জন্য প্রস্তাব দেন।

শ্রী মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন দপ্তরগত পর্যবেক্ষন করে ব্যবস্থা নেওয়া হবে।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৬৯নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোনো প্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৬৯নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন মাননীয় মুখ্যমন্ত্রীর অনুমোদিত অর্থের কাজের দ্বিতীয়বার Tender আগামী ২৯শে নভেম্বরের মধ্যে আহ্বান করা হবে। HFA 21 - 22 এর কাজের Tender আগামী এক সপ্তাহের মধ্যে আহ্বান করা হবে। বর্ষার জন্য Mastic এর যে কাজগুলি বন্ধ ছিল সেগুলি দ্রুত শুরু করার জন্য Contractor দের বলা হয়েছে। APAS এর ৫৫২ টি কাজের মধ্যে ৪৬৫ টি কাজের অনুমোদন জেলাশাসকের দপ্তর হতে এসে গেছে। RSPS পোর্টালে পাঠানোর কাজ চলছে। Tender করা হয়েছে বলে জানান। APAS এবং Budget অনুমোদন সাপেক্ষে কতকগুলি কাজের Tender তহবিল সহ অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

শ্রী অরুপ কুমার ঘোষ বলেন APAS এর কাজের অর্থনৈতিক অনুমোদন পাওয়া গেছে কি ?

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Tender Mature হলে তারপর অর্থনৈতিক অনুমোদন আসবে।

শ্রী অলোক সাহা বলেন ADP 25-26 এর কাজের খবর কি ?

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ADP 25 - 26 এর কাজের সাথে APAS এর বেশ কিছু কাজ মিলে গেছে। APAS এ কাজগুলি Mature করলে ADP 25-26 হতে বাদ দিতে হবে।

পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন ADP 25 - 26 এর কাজের তালিকা যা জমা পড়েছে সেগুলি মাপা ও Estimate করার কাজ চলছে।

শ্রী পঙ্কজ কান্তি চন্দ বলেন ADP 24 -25 এর একটা কাজ এখনও শুরু হয়নি। বহুবার পৌরপারিষদ সদস্য ও মাননীয় পৌরপ্রধানকে বলেছি।

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন আপনি ঠিকই বলেছেন। Contractor এর সাথে কথা বলেছি। আপনার কাছে পাঠিয়েছি। দুমাস সময় চেয়েছেন। তাকে APAS বা মুখ্যমন্ত্রীর তহবিলের কোন কাজ দেওয়া হবে না।

শ্রী পঙ্কজ কান্তি চন্দ বলেন কাজ শুরু হয়েছিল। কিন্তু এখন আর কোন খোঁজ পাওয়া যাচ্ছে না।

শ্রী অলোক সাহা এই ধরনের Contractor এর বিরুদ্ধে দৃষ্টান্তমূলত ব্যবস্থা নেওয়ার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন পৌরপারিষদ সদস্য মহাশয় আমাকে Contractor এর ব্যাপারে বলেছেন। কাজ দ্রুত শুরু না করলে terminate করবো এবং পরবর্তীকালে প্রয়োজনে Black Listed করা হবে।

দীর্ঘ আলোচনা শেষে নিম্নলিখিত Tender গুলি তহবিল সহ অনুমোদিত হলঃ-

(1) WBMAD/MM/NIT-32e/2025-26 dt. 30.10.25 Sl. 1 to 25

Amount : 12680646.00 Fund : Budgetary Allocation

(2) WBMAD/MM/NIT-33e/2025-26 dt. 30.10.25 Sl. 1 to 25

Amount : 13175587.00 Fund : APAS & Budgetary Allocation

(3) WBMAD/MM/NIT-34e/2025-26 dt. 30.10.25 Sl. 1 to 25

Amount : 11058792.00 Fund : APAS & Budgetary Allocation

(4) WBMAD/MM/NIT-35e/2025-26 dt. 06.11.25 Sl. 1 to 25

Amount : 12427977.00 Fund : Budgetary Allocation

(5) WBMAD/MM/NIT-36e/2025-26 dt. 06.11.25 Sl. 1 to 25

Amount : 8786298.00 Fund : Budgetary Allocation

(6) WBMAD/MM/NIT-37e/2025-26 dt. 06.11.25 Sl. 1 to 25

Amount : 6582549.00 Fund : Budgetary Allocation

(7) WBMAD/MM/NIT-38e/2025-26 dt. 07.11.25 Sl. 1 to 25

Amount : 8140701.00 Fund : Budgetary Allocation

(8) WBMAD/MM/NIT-39e/2025-26 dt. 13.11.25 Sl. 1 to 25

Amount : 7305322.00 Fund : Budgetary Allocation

(9) WBMAD/MM/NIT-40e/2025-26 dt. 13.11.25 Sl. 1 to 25

Amount : 9708150.00 Fund : Budgetary Allocation

(10) WBMAD/MM/NIT-41e/2025-26 dt. 13.11.25 Sl. 1 to 25

Amount : 5326837.00 Fund : Budgetary Allocation

(11) WBMAD/MM/NIT-42e/2025-26 dt. 13.11.25 Sl. 1 to 25

Amount : 6698981.00 Fund : Budgetary Allocation

(12) WBMAD/MM/NIT-43e/2025-26 dt. 14.11.25 Sl. 1 to 25

Amount : 9385321.00 Fund : Budgetary Allocation

(13) WBMAD/MM/NIT-44e/2025-26 dt. 14.11.25 Sl. 1 to 26

Amount : 9326562.00 Fund : Budgetary Allocation

(14) WBMAD/MM/NIT-45e/2025-26 dt. 22.11.25 Sl. 1 to 24

Amount : 5889358.00 Fund : APAS & Budgetary Allocation

(15) WBMAD/MM/NIT-46e/2025-26 dt. 22.11.25 Sl. 1 to 6

Amount : 707220.00 Fund : Budgetary Allocation

(16) WBMAD/MM/NIT-47e/2025-26 dt. 22.11.25 Sl. 1 to 50

Amount : 22218746.00 Fund : APAS

(17) WBMAD/MM/NIT-48e/2025-26 dt. 22.11.25 Sl. 1 to 30

Amount : 8643028.00 Fund : APAS & Budgetary Allocation

(18) WBMAD/MM/NIT-49e/2025-26 dt. 22.11.25 Sl. 1 to 19

Amount : 2975167.00 Fund : APAS

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন পানীয় জলের পাইপ লাইন ক্ষতিগ্রস্থ হলে দপ্তরে যেমন জানাবেন তেমন চিঠি করে আমাকেও জানাবেন। দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। ১৩ নং ওয়ার্ডে একটি বড়গর্ত তৈরী হয়ে গেছিল। সারানো হয়েছে। আগে জানতে পারলে আরো দ্রুত সারানো যেত। সাংসদ তহবিলের অর্থে পোল ও লাইট লাগানোর জন্য একটি e-Tender অনুমোদনের প্রস্তাব দেন।

পৌরপারিষদ সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন বাদু রোডে Wireless হতে কাঞ্চনতলা পর্যন্ত মাটির তলায় বৈদ্যুতিক তার ঢোকানোর কাজ চলছে। ভয়ানক অবস্থা। যারা কাজ করছে তাদের দ্রুত repair করার জন্য বলা দরকার অন্যথায় বড় ধরনের দুর্ঘটনা ঘটে যেতে পারে।

পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন চৌমাথা হতে স্টেশন পর্যন্ত সোদপুর রোডের মধ্যে পানীয় জলের পাইপ লাইন আছে। Leakage হলে সমস্যা হয়। নতুন লাইন দুইধার সহ ইতিমধ্যে বয়ে গেছে। Amrut প্রকল্প হতে সোদপুর রোডের ধারের নতুন pipe line এ সংযোগ করার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন সমস্যা আছে। আগামী দিনে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হলঃ-

(১) মাননীয় সাংসদ ডাঃ কাকলী ঘোষ দস্তিদার মহাশয়ার সাংসদ তহবিলের অর্থে (৬৯৯৫৩১.০০ টাকা) পৌরসভার ২৬ নং ওয়ার্ডের গাঁতি রোডে পোল ও লাইট লাগানোর জন্য জন্য e-Tender No. WBMAD/MM/EL/NIT/01e/2025-26 অনুমোদিত হল।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

পৌরপারিষদ সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন এই মুহূর্তে মশার উৎপাত একটু কম। ইতিমধ্যে দুদফায় গাপ্পী মাছ দেওয়া হয়েছে। পরিষ্কারের কাজ চলছে। মশা নিধনে প্রয়োজনীয় তেল Spray করার কাজ চলছে। সকল কাউন্সিলরকে কর্মীদের কাজের তদারকি করার জন্য আবেদন করেন।

(৫) নামজারিকরনের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত ৪৯৫ টি নামজারিকরনের আবেদনপত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) BPL পরিবারভুক্ত মৃত ব্যক্তির পরিবারের পক্ষ থেকে National Family Benefit Scheme (NFBS) প্রকল্পে এককালীন অনুদানের জন্য যে দুটি আবেদনপত্র (আবেদনকারী শ্রীমতী সরস্বতী গাইন ও শ্রীমতী রাধা শর্মা) জমা হয়েছে তা অনুমোদিত হল এবং উক্ত আবেদনপত্র দুটি মাননীয় জেলাশাসক উত্তর ২৪ পরগনা এবং SUDA র কাছে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হল।

(২) পৌরসভা পরিচালিত পরিবেশ সচেতনতা মেলা ২০২৫ আগামী ২৪.১২.২০২৫ হতে ২৮.১২.২০২৫ পর্যন্ত সুভাষ ময়দানে অনুষ্ঠিত হবে। প্রয়োজনীয় ব্যয় পৌরতহবিল হতে ব্যয় করা হবে।

(৩) Work Order No. MM / Chair / Hosp / Spare Parts / Order / 165 / 25-26, dt. 31/10/2025 অনুযায়ী পৌরসভা পরিচালিত হাসপাতালের USG Machine এর Spare Parts ক্রয় করার জন্য যে ৪৯৭০৩৭.০০ টাকা পৌরতহবিল হতে ব্যয় হয়েছে তা অনুমোদিত হল।

(৪) Memo No. MM/Chair/WO/1689/2025-26, dt. 22/08/2025 অনুযায়ী GEM Contract No. GEMC - 511687723624730 এর ভিত্তিতে যে দুটি Bio Toilet ক্রয় করা হয়েছে তা অনুমোদিত হল। প্রয়োজনীয় ব্যয় 15th FC (Tied) তহবিল হতে ব্যয় করা হবে।

(৫) পৌরসভা অফিসের প্রয়োজনে একটি Office Car ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হল।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ______________________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas